

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা)  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-২৪.০২.০০০০.০০১.১৮.০৪.১৪-৬৯

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ।  
২০ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ।

### টেক্সটাইল ইনস্টিটিউট, দিনাজপুর পরিদর্শন প্রতিবেদন

গত ০৯/১১/২০১৯ তারিখে টেক্সটাইল ইনস্টিটিউট, দিনাজপুর পরিদর্শন করি। অধ্যক্ষ জনাব মমতাজ উদ্দিন গত ২৩ অক্টোবর ২০১৯ তারিখে পিআরএল এ গমন করেন। অধ্যক্ষ পদে পদায়ন করা হয়নি। চীফ ইন্সপেক্টর জনাব মোঃ জামিরুল ওসমান অধ্যক্ষের সাময়িক দায়িত্ব পালন করছেন। শিক্ষক মন্ডলী, অন্যান্য কর্মচারী এবং ছাত্র/ছাত্রীরা উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের বিভিন্ন ভবন, শেড এবং মেশিনপত্র ঘুরে দেখলাম। কিছু মেশিন চালু এবং কিছু মেশিন অকেজো হওয়ায় মেরামত করার জন্য বিভিন্ন মিলে কর্মরত ও অভিজ্ঞ অপারেটরের সহায়তা নেয়া যেতে পারে। অথবা উপযুক্ত কোন প্রতিষ্ঠান অনুসন্ধান করতে হবে। দুটি গাছ বাড়ে পড়ে গেছে এবং নষ্ট হয়ে যাচ্ছে। বিভাগীয় বন কর্মকর্তার পরামর্শক্রমে নিষ্পত্তি করতে কল্পে হবে।

#### ২। জনবল পরিস্থিতি

প্রতিষ্ঠানটিতে অনুমোদিত পদ ৫৫ টি, ৪৭ জন শিক্ষক-কর্মচারী কর্মরত আছেন। ২ দুই জন চীফ ইন্সপেক্টর (কারিগরি), ১ জন ইন্সপেক্টর (অকারিগরি), ৩ তিন জন টেকনিক্যাল এ্যাসিস্টেন্ট ও ১জন হোস্টেল বয় এর পদ শূন্য রয়েছে। এছাড়া ১ জন এ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর টিভিআই জামালপুরে, ১ জন আর্টিস্ট ডিজাইনার, বস্ত্র অধিদপ্তরে, ল্যাবরেটরী এ্যাসিস্টেন্ট, টিভিআই, রংপুরে, ১ জন হিসাব রক্ষক, টিভিআই, বিরামপুর, দিনাজপুরে, ১ জন লাইব্রেরী এ্যাসিস্টেন্ট টিভিআই রংপুরে এবং ১জন নিরাপত্তা প্রহরী কাম দারোয়ান টিভিআই, বগুড়াতে সংযুক্ত রয়েছেন। সংযুক্ত কর্মচারীদের পর্যায়ক্রমে মূল কর্মস্থলে পদায়ন করা প্রয়োজন।

#### ৩। ভবন ও স্থাপনা

প্রতিষ্ঠানটি ৫.৮০৮১ এর জমির উপর ১৯৩০ সালে স্থাপিত ও নিজস্ব ১০টি ভবনে পরিচালিত হচ্ছে। প্রতিষ্ঠানটিতে ৩০০ আসন বিশিষ্ট ছাত্রাবাস, ১০০ আসন বিশিষ্ট ছাত্রীনিবাস, কটন স্পিনিং শেড ও ডরমিটরী উর্ধ্বমুখী সম্প্রসারণ, বাউন্ডারী ওয়াল, ছাত্রাবাসের গেট ও রাস্তা, মসজিদ নির্মাণ, রাস্তা মেরামত, বিভিন্ন পুরাতন ভবন সংস্কার, সোলার প্যানেল স্থাপন, গভীর নলকূপ স্থাপন ইত্যাদি কাজ সম্পাদন করার জন্য “৪টি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ ও ২টি টেক্সটাইল ইনস্টিটিউট বিদ্যমান অবকাঠামো সমূহ সংস্কার এবং প্রয়োজনীয় নতুন অবকাঠামো স্থাপন” প্রকল্প তৈরী কাজ চলমান রয়েছে।

#### ৪। ছাত্র/ছাত্রী

পরিদর্শনের দিন প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীগণ শ্রেণী কুইজ পরীক্ষায় অংশগ্রহণ করতে দেখলাম। প্রতিষ্ঠানটিতে মোট ৭৬১ জন ছাত্র/ছাত্রী অধ্যয়নরত আছে তার মধ্যে ৬৯০ জন ছাত্র ও ৭১ জন ছাত্রী। প্রতিষ্ঠানটিতে ১৯৯৬ সাল থেকে এ পর্যন্ত মোট ১৯৯৫ জন শিক্ষার্থী ডিপ্লোমা পাশ করেছে।

#### ৫। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন

জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে দায়িত্ব ও কর্তব্য বিষয়ে শিক্ষক কর্মচারীদের প্রশিক্ষণ দেয়া হয় এবং প্রণীত কর্মপরিকল্পনা পরীক্ষণে প্রাপ্ত ত্রুটি সংশোধন করা হয়।